প্রথম আলো।

তারিখ ... 21 FEB 2009 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৩ ...

ঢাকা প্রকৌশল বিশ্ববিদ্যালয়

# ছাত্রলীগের সংঘর্ষের জের ধরে পরীক্ষা স্থগিত, তদন্ত কমিটি

ঢাকা প্রকৌশল বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ●

ছাত্রলীগের দুই পক্ষের সংঘর্ষের কারণে গাজীপুরে ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (ডুয়েট) বিভিন্ন বর্ষের পর্ব সমাপনী প্রথম পরীক্ষাটি স্থগিত করা হয়েছে। গতকাল শুক্রবার বিশ্ববিদ্যালয় প্রশাসনের এক জরুরি বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়।

বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, ক্যাম্পাসের উদ্ভূত পরিস্থিতিতে গতকাল সকাল সাড়ে ১০টার দিকে উপাচার্য শিক্ষকদের সঙ্গে বৈঠকে বসেন। দুপুরে বিরতি দিয়ে বিকেল পর্যন্ত এই বৈঠক চলে। বৈঠকে বৃহস্পতিবারের সংঘর্ষের ঘটনা তদন্তের জন্য তড়িৎ কৌশল বিভাগের সহযোগী অধ্যাপক মোহাম্মদ আব্দুল মান্নানকে সভাপতি করে পাঁচ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

উপাচার্য অধ্যাপক ড. এম সবদার আলী জানান, পরিস্থিতি বর্তমানে শান্ত। তবে ফের যেন কোনো অপ্রীতিকর ঘটনা না ঘটে, সে জন্য ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। ছাত্র কল্যাণবিষয়ক পরিচালক অধ্যাপক ড. নঈম শেখ বলেন, যারা অপ্রীতিকর ঘটনা ঘটিয়েছে তাদের বিরুদ্ধে তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।

বৃহস্পতিবার সন্ধ্যায় ছাত্রলীগের দুই পক্ষের কর্মীদের মধ্যে কথাকাটাকাটির জের ধরে এ দিন রাত সাড়ে আটটার দিকে দুই পক্ষের মধ্যে সংঘর্ষ বেধে যায়। এতে অর্ধ শতাধিক নেতা-কর্মী আহত হয়।

**প্রথম আলোর প্রতিনিধিকে হুমকি**

*প্রথম আলো* এবং এবিসি রেডিওর ঢাকা প্রকৌশল বিশ্ববিদ্যালয় প্রতিনিধি নাজমুল লিখনকে হুমকি দিয়েছেন ছাত্রলীগের কর্মী আব্বাস। বৃহস্পতিবার দিবাগত রাত সোয়া ১২টার দিকে মোবাইল ফোনে এ হুমকি দেন বিশ্ববিদ্যালয়ের সামিউল-বাতেন পক্ষের কর্মী আব্বাস। লিখন বিষয়টি বিশ্ববিদ্যালয়ের ছাত্রকল্যাণ পরিচালক অধ্যাপক ড. নঈম শেখকে জানিয়েছেন।